দৈনিক ইত্তেফাক

তারিখ 24 SEP 1992
পৃষ্ঠা ২ কলাম ৫

# বিশ্ববিদ্যালয় সম্পর্কে অনেকেই বিরূপ

—ভিসি

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিয়া ছাত্র-ছাত্রীদের প্রতিভা বিকাশের লক্ষ্যে ক্যাম্পাসে সাংস্কৃতিক কর্মকাণ্ড জোরদার

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভিসি

(প্রথম পৃঃ পর)

করার আহ্বান জানাইয়াছেন। গতকাল বুধবার ঢাকা ইউনিভারসিটি মাইম ব্রিগেডের (ডাম্ব) উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতাকালে ভিসি বলেন, দুর্ভাগ্যজনক হইলেও সত্য বিশ্ববিদ্যালয় সম্পর্কে অনেকেই বিরূপ ধারণা পোষণ করিতেছেন। অথচ ইহার জন্য বিশ্ববিদ্যালয় পরিবার মোটেই দায়ী নয়। তিনি সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদেরকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। শিল্পকলা একাডেমীর নাটক বিভাগের পরিচালক এস, এম মোহসীন, ঢাকা প্যান্টো মাইমের পরিচালক জিল্লুর রহমান জন উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন। দ্বিতীয় পর্বে নবগঠিত ঢাকা ইউনিভার্সিটি মাইম ব্রিগেডের কর্মী মলয় কুমার পাল, মাসুকা নাসরিন রাকা, নাজিমউদ্দিন ও সেহরা কবির কুমু মূকাভিনয় প্রদর্শন করে।